

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি

পুরো ক্যাম্পাস পুলিশের দখলে
১৪ টি হল ছাত্র-ছাত্রী শূন্য

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৪টি হল ছাত্রছাত্রী শূন্য হয়ে পড়েছে। কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী সকাল ৮টার মধ্যেই ছাত্রছাত্রীরা হল ত্যাগ করতে শুরু করে। ছাত্রছাত্রীরা তাড়াহুড়ো করে যে যার গন্তব্যে চলে যায়। হল থেকে ছাত্রছাত্রীরা চলে যাবার পর এখন পুরো ক্যাম্পাস পুলিশের দখলে। এখনও শত শত পুলিশ, বিভিন্ন আর ক্যাম্পাসে মোতায়েন রয়েছে। ক্যাম্পাসের চতুর্দিকে রাত্তার মোড়ে মোড়ে পুলিশ অবস্থান নিয়ে আছে। একমাত্র রিকশা বাদে অন্য কোন যানবাহন ক্যাম্পাসে ঢুকতে দেয়া হচ্ছে না। তবে গতকাল সকালে মধুর ক্যান্টিনে বিভিন্ন ছাত্র সংগঠনের কয়েকজন নেতা-কর্মীকে দেখতে পাওয়া যায়। গত মঙ্গলবার বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করার সাথে সাথে দেশের প্রধান প্রধান ৬৯টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন ছাত্র-শিক্ষক কেন্দ্রে অফিসারবৃন্দের এক সাধারণ সভার আয়োজন করে। সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত লেখ পূঃ ১-এর কলামে

ছাত্রছাত্রী শূন্য

প্রথম পৃষ্ঠার পর

গৃহীত হয়, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৭ আগস্ট-এর মধ্যে তাদের দাবি মেনে না নিলে আগামী ১৮ আগস্ট থেকে ২২ আগস্ট পর্যন্ত তারা পূর্ণ কর্মবিরতি পালন করবেন।

ছাত্রলীগ(শা-অ) সভাপতি শাহে আলম ও সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল এক বিবৃতিতে গত মঙ্গলবারের সিডিকেটের সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি মনিরুজ্জামান মিঞার বক্তব্যে বিস্ময় প্রকাশ করে বলেন, ভিসি মনিরুজ্জামান মিঞা জনসম্মুখে ছাত্রলীগের ভাবমূর্তি ক্ষুর করার হীন প্রয়াস হিসেবে ছাত্রলীগের বিরুদ্ধে সিডিকেটের সভায় অসত্য তথ্য পরিবেশন করছেন। তারা ভিসির এ উদ্দেশ্যপ্রণোদিত ও অসত্য তথ্য পরিবেশন করার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান ও জিএস খায়রুল কবির খোকন গত মঙ্গলবারের সন্ধ্যায় ঘটনায় ছাত্রলীগ(শা-অ)কে সায়ী করে গতকাল বুধবার এক বিবৃতিতে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ ডাঃ মিলন ও মাহবুব হত্যাকারীদের দলে আহ্বান দিয়ে অব্যাহতভাবে সজাস চালিয়ে যাচ্ছে।

নেতৃত্ব ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার আগে ডাঃ মিলন ও মাহবুব হত্যাকারীদের জেফতারের দাবিজানান।

নেতৃত্ব গত মঙ্গলবারের সন্ধ্যায় ঘটনার সময় বিভিন্ন জাতীয় পত্র-পত্রিকায় ছাত্রদলের বিভিন্ন অস্থায়ীদের যে ছবি ছাপা হয় অবিলম্বে তাদেরকে জেফতারের জোর দাবি জানান। তারা অনতিবিলম্বে এ সকল ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীর ক্ষতি-পূরণের জন্যে সংশ্লিষ্ট মহলের প্রতি আহ্বান জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয় অনির্দিষ্ট-কালের জন্যে বন্ধ ও ছাত্রছাত্রীদের অবিলম্বে হল ত্যাগ করার ঘোষণায় বিভিন্ন ছাত্র সংগঠন নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছেন। বিবৃতিদানকারী ছাত্র সংগঠনগুলো হলো : সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন, ইসলামী ছাত্রমসলিস, বিপ্লবী ছাত্র সংঘ, ছাত্রলীগ (শা-অ), জাতীয় ছাত্রফ্রন্ট, ইসলামী ছাত্রসেনা। //